

নং- ৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০৩.২০১৯- ০৮

তারিখঃ ১০-০১-২০২২ খ্রিঃ

বিষয়: ব্যবহার অনুপযোগী ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল (যানবাহন ব্যতিত) অকেজো/পরিত্যক্ত ঘোষণার জন্য কনডেমনেশন কমিটি গঠন প্রসঙ্গে।

সূত্র: ৪৫.০৩.০০০০.০০২.০১.১৪৮.২০-৩২২, তারিখ: ২৮/১২/২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের ব্যবহার অনুপযোগী ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল (যানবাহন ব্যতিত) অকেজো/পরিত্যক্ত (Condemned) ঘোষণা/নিলামে বিক্রয়ের লক্ষ্যে নিম্নরূপ কনডেমনেশন কমিটি নির্দেশক্রমে অনুমোদন করা হলো:-


কমিটি গঠন (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- | | |
|---|--------------|
| ১. সিভিল সার্জন, সংশ্লিষ্ট জেলা | - সভাপতি |
| ২. পরিচালক এর প্রতিনিধি, মেডিকেল কলেজ হাসপাতাল, সংশ্লিষ্ট জেলা | - সদস্য |
| ৩. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সংশ্লিষ্ট জেলা | - সদস্য |
| ৪. জেলা প্রশাসকের প্রতিনিধি (সহকারী কমিশনার এর নিম্নে নহেন), সংশ্লিষ্ট জেলা | - সদস্য |
| ৫. সেবা তত্ত্বাবধায়ক, সদর হাসপাতাল, সংশ্লিষ্ট জেলা | - সদস্য |
| ৬. জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জনের কার্যালয়, সংশ্লিষ্ট জেলা | - সদস্য |
| ৭. সংশ্লিষ্ট শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রধান | - সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি:-

- (১) সদস্য সচিব ব্যবহার অনুপযোগী ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল (যানবাহন ব্যতিত) অকেজো/পরিত্যক্ত (Condemned) ঘোষণা/নিলামে বিক্রয়ের লক্ষ্যে কমিটির সহায়তায় প্রাক্কলন প্রস্তুত করবেন।
- (২) কনডেমনেশন কমিটি উক্ত প্রাক্কলন পরীক্ষা নিরীক্ষা করে এবং প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল সরেজমিন পরিদর্শন পূর্বক প্রস্তাব যথাযথ বিবেচিত হলে কনডেমড ঘোষণা করবে।
- (৩) সদস্য সচিব প্রস্তুতকৃত প্রাক্কলনটি অধিকতর অনুমোদনের লক্ষ্যে কমিটির সিদ্ধান্তের কপিসহ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করবেন।
- (৪) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর প্রয়োজনবোধে মালামালসমূহ সরেজমিন পরিদর্শনপূর্বক প্রাক্কলন অনুমোদন করবে এবং অকেজো/পরিত্যক্ত মালামালসমূহ বিধি মোতাবেক নিষ্পত্তি/নিলামে বিক্রয়ের নির্দেশনা প্রদান করবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgmn.gov.bd


(সারা দিবা)
উপসচিব
ফোন- ৯৫৪৬৪৪০


স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০২.০১.১৪৮.২০- ১৮

তারিখঃ ১১/০১/২০২১ খ্রিঃ

বিষয়ঃ পৃষ্ঠাঙ্কন।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নার্সিং শিক্ষা শাখার পত্র নং- ৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০৩.২০১৯-০৮, তারিখঃ ১০/০১/২০২২ খ্রিঃ মোতাবেক ব্যবহার অনুপযোগী ভবনাদি/ আসবাবপত্র/ অন্যান্য মালামাল (যানবাহন ব্যতিত) অকেজো/ পরিত্যক্ত ঘোষণার জন্য কনডেমনেশন কমিটি গঠন করা হয়। সে প্রেক্ষিতে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন নার্সিং কলেজ/ নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/নার্সিং ইনস্টিটিউট/ ট্রেনিং ইনস্টিটিউট সমূহের ব্যবহার অনুপযোগী ভবনাদি/ আসবাবপত্র/ অন্যান্য মালামাল (যানবাহন ব্যতিত) অকেজো/ পরিত্যক্ত (Condemned) ঘোষণার লক্ষ্যে অনুমোদিত কনডেমনেশন কমিটির মাধ্যমে বর্ণিত বিষয়ে দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। পরিচালক, জাতীয় নার্সিং উচ্চ শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান, সুগদা, ঢাকা
- ২। অধ্যক্ষ, নার্সিং কলেজ/ নার্সিং ইনস্টিটিউট.....।
- ৩। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি কলেজ (সাবেক নার্সিং ইনস্টিটিউট)
- ৪। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ (সকল).....।


মোঃ রশিদুল মান্নান কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা)
info@dgmn.gov.bd

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক,.....। (সকল)।
- ৩। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল,.....। (সকল)।
- ৪। উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিভিল সার্জন,.....। (সকল)।
- ৬। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ,.....। (সকল)।